গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১০৮.৯৯.০৩২.১৫.১৫২৬

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪২৫ / ১৮ নভেম্বর ২০১৮

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ এবং একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান প্রসংগে।

সূত্রঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০(২).২০১৮.৬৮৭ তারিখঃ ১৫ নভেম্বর ২০১৮
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০(২).২০১৮.৬৮৮ তারিখঃ ১৫ নভেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর বিধান অনুসরণ এবং একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংক্রান্ত পত্রসমূহের মর্মানুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত ছায়ালিপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

(মো: গোলাম মোস্তফা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৬৯৬

বিতরণঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, কাওরান বাজার, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব (সকল)/ যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৮। উপপরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৯। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, চট্টগ্রাম।
১০। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়(অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৩। অফিস কপি।

F:\2014 Folder\MOPA\letter-election.doc

-১০৮-

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০(২).২০১৮.৬৮৭

তারিখ: ০১ অগ্রহায়ন ১৪২৫
১৫ নভেম্বর ২০১৮

বিষয়: একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রাপ্ত আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.১৮.৬৭৬ তারিখ: ১৪.১১.২০১৮

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ৩০ ডিসেম্বর **২০১৮** তারিখ অনুষ্ঠেয় একাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করেন, সে বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

২। এই প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের লক্ষ্যে জারিকৃত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলির প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকুরি ও নিয়ন্ত্রণ এবং ৫ ও ৬ ধারায় যথাক্রমে শৃঙ্খলামূলক ও দন্ডের বিধানাবলি সন্নিবেশিত রয়েছে।

৩। উল্লেখ্য যে নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব অর্পিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'নির্বাচন কর্মকর্তা' হিসাবে বিবেচিত হবেন এবং উক্ত দায়িত্ব পালনের জন্য তিনি নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। এই দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা হিসেবে তার কোনো আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন কমিশন কোনো সরকারি/আধা সরকারি/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান এমনকি বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে কোনো তথ্য সরবরাহ, কর্মসম্পাদন ইত্যাদির জন্য যে কোনো নির্দেশ প্রদান করলেই সেই দপ্তর/প্রতিষ্ঠান প্রধান এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারী (যারা সংশ্লিষ্ট তথ্য প্রদান ও কর্মসম্পাদনের দায়িত্বে নিয়োজিত) নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিযুক্ত হয়েছেন বলে গণ্য হবেন। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত/ আধা-স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী এবং বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের যে কোনো কর্মকর্তা/কর্মচারী নির্বাচনি দায়িত্বে নিযুক্ত কর্মকর্তাগণের অন্তর্ভুক্ত হতে পারেন। ভোটগ্রহণের জন্য সাময়িকভাবে নিযুক্ত বিভিন্ন স্তরের সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত দপ্তর/প্রতিষ্ঠান ও বেসরকারি সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি সকলেই নির্বাচন কর্মকর্তা। সুতরাং নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা অসদাচরণের অভিযোগে অভিযুক্ত হবেন এবং তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। বর্ণিত অবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/বেসরকারি দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/শিক্ষক/কর্মচারীকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং : ২৪৪৯ তারিখ: ১৮/১১/১৮

| | |
|---|---|
| অতি: সচিব (প্রঃ / প্রাণি: ২ / নিরীক্ষা) | অবিলম্বে ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব (প্রাণি-১ ☐ / ৩☐/ ৪ ☐ ) | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| যুগ্মসচিব (ব্লু-ই: / মৎস্য......) / বাজেট | উপস্থাপন করুন |
| যুগ্মপ্রধান / উপসচিব (........)/ উপপ্রধান | আলোচনা করুন |
| সচিবের একান্ত সচিব | মন্তব্য/ মতামত দিন |
| | স্বাক্ষর |

স্বাক্ষরিত/
১৫.১১.২০১৮
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

-১০৭-



স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০(২).২০১৮.৬৮৭

তারিখ: ০১ অগ্রহায়ন ১৪২৫
১৫ নভেম্বর ২০১৮

অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,....... মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
০২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার।
০৪। বিভাগীয় কমিশনার, ...... (সকল)।
০৫। পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ......(সকল)।
০৬। উপমহাপুলিশ পরিদর্শক..........(সকল)।
০৭। জেলা প্রশাসক,......(সকল) ও রিটার্নিং অফিসার।
০৮। পুলিশ সুপার,......(সকল)।
০৯। আঞ্চলিক নির্বাচন অফিসার,......(সকল)।
১০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,......(সকল)।
১১। উপজেলা নির্বাহী অফিসার, ......(সকল) ও সহকারী রিটার্নিং অফিসার।
১২। ...........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
১৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার,......(সকল)
১৪। পোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

১৫/১১/১৮
(ড. ফারুক আহাম্মদ)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সচিবের দপ্তর
ডাইরী নং: ২৪৪৮ তারিখ: ১৮/১১/১৮
সচিব / অতিঃ / প্রাণিঃ ২ / নিরীক্ষা) | অগ্রাধিকারে ব্যবস্থা নিন
যুগ্মসচিব (প্রাণি-১ □ / ৩□/ ৪□) | প্রয়োজনীয় ব্যবস্থা নিন
যুগ্মসচিব (ব্লু-ইঃ / মৎস্য......) / বাজেট | উপস্থাপন করুন
যুগ্মপ্রধান / উপসচিব (........)/ উপপ্রধান | আলোচনা করুন
সচিবের একান্ত সচিব | মন্তব্য/ মতামত দিন
স্বাক্ষর

নির্বাচন অগ্রাধিকার

-১০৬-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫৫৩.৫৩.১১০(২).২০১৮.৬৮৪

তারিখ: ০১ অগ্রহায়ন ১৪২৫
১৫ নভেম্বর ২০১৮

বিষয়: একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রাপ্ত আধাসরকারি পত্র নম্বর: ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.১৮.৬৭৬ তারিখ: ১৪.১১.২০১৮

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠেয় একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সেদিকে লক্ষ্য রেখে অর্পিত দায়িত্ব পালন সংশ্লিষ্ট সকলের কর্তব্য। উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। নির্বাচন কমিশনের অনুরোধক্রমে সরকারের পক্ষ হতে আইনশৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২। নির্বাচন কমিশন সচিবালয় জানিয়েছে যে নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের জন্য বিভিন্ন সরকারি/আধা-সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি এবং সরকারি অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকাগণ নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। এছাড়াও বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গন ভোটগ্রহণের কাজে ভোটকেন্দ্র হিসেবে এবং ঐ সকল প্রতিষ্ঠানের আসবাবপত্র নির্বাচনে ব্যবহৃত হবে।

৩। একাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অতীতের মতো এই নির্বাচনেও নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন বলে সরকার আশা করে। নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের বিধান সংবলিত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন)-এর ২ এর (খ) এবং ৪ এর (৩)(৪)(৫) ধারা অনুসারে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত যে কোনো কর্মকর্তা/কর্মচারী উক্তরূপে নিয়োগের তারিখ হতে নির্বাচনি দায়িত্ব হতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তাঁর নিজ চাকুরির অতিরিক্ত হিসাবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে চাকুরিরত বলে গণ্য হবেন। প্রেষণে চাকুরিরত অবস্থায় তিনি নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে নির্বাচন কমিশন এবং ক্ষেত্রমতে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থাকবেন এবং তাঁদের যাবতীয় আইনানুগ আদেশ বা নির্দেশ পালনে বাধ্য থাকবেন। প্রেষণে থাকাকালে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব অগ্রাধিকার পাবে।

৪। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৫ অনুসারে সরকারের নির্বাহী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকলের কর্তব্য।

৫। এমতাবস্থায়,

(ক) উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা ও সহায়তা প্রদানের জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাদের অধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ জানানো হলো।

(খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো।

-২০৬-



(গ) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৪৪ই অনুসারে নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনের) দিন সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কোনো কর্মকর্তাকে অন্যত্র বদলি করা যাবে না। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহকে নির্বাচনের কাজ শেষ না হওয়া পর্যন্ত নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদলি করা হতে বিরত থাকতে হবে।

৬। উপরোল্লিখিত নির্দেশনা জারিসহ আনুষংগিক কার্যাদি সম্পন্ন করে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সর্বাত্মকসহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/
১৫.১১.২০১৮
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৫৩.১১০(২).২০১৮.৬৮৮

তারিখ: ০১ অগ্রহায়ন ১৪২৫
১৫ নভেম্বর ২০১৮

অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,......................................... মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
০২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার।
০৫। বিভাগীয় কমিশনার, ....... (সকল)।
০৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৮। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা/ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৯। পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, .......(সকল)।
১০। উপমহাপুলিশ পরিদর্শক,.......(সকল)।
১১। জেলা প্রশাসক,.......(সকল) ও রিটার্নিং অফিসার।
১২। পুলিশ সুপার,.......(সকল)।
১৩। আঞ্চলিক নির্বাচন অফিসার,.......(সকল)।
১৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,.......(সকল)।
১৫। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,.......(সকল)।
১৬। উপজেলা নির্বাহী অফিসার, .......(সকল) ও সহকারী রিটার্নিং অফিসার।
১৭। ...........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার।
১৮। উপজেলা/থানা নির্বাচন অফিসার,.......(সকল)।
১৯। পোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

১৫/১১/১৮

(ড. ফারুক আহাম্মদ)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa.branch@cabinet.gov.bd